# পানি পরিক্রমা

পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মুখপত্র

জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৩


## ভবদহের জলাবদ্ধতা নিরসনে পাম্প ও সেচ প্রকল্প উদ্বোধন করেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক ,এম পি




*প্রকল্প উদ্বোধন করেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক ও অন্যান্য অতিথিবৃন্দ*

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

ভবদহ অঞ্চলের জলাবদ্ধতা নিরসনকল্পে পাম্প স্থাপন ও সেচ প্রকল্পের উদ্বোধন করেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। যশোরের মণিরামপুরে পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেন, 'ভবদহ অঞ্চলে এক ইঞ্চি জমিও অনাবাদি থাকবে না'- প্রধানমন্ত্রীর এই বক্তব্যকে বাস্তবায়নের লক্ষ্যে যশোরের ভবদহ অঞ্চলের জলাবদ্ধতা সমস্যা সমাধানে সর্বাত্মক চেষ্টা অব্যাহত থাকবে। এর আগে বিগত বছরসমূহে বেশ কয়েকটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কিন্তু বিভক্ত দুটি গ্রুপের কারণে স্থায়ী সমাধান সম্ভব হয়নি। সেচ পাম্প উদ্বোধনের মধ্য দিয়ে আংশিক সমাধান হলেও পুরোপুরি সমাধান হবে না। তবে অচিরেই ভবদহের জলাবদ্ধতা সমস্যার সমাধান হয়ে যাবে। সোমবার দুপুরে মণিরামপুর, কেশবপুর ও অভয়নগর উপজেলার ভবদহ স্লুইচগেটে 'যশোর জেলার ভবদহ অঞ্চলের জলাবদ্ধতা দ্রুত নিরসনকল্পে পাম্প স্থাপন প্রকল্প' উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। স্থানীয় প্রাক্তন চেয়ারম্যান বিষ্ণুপদ দত্তের সঞ্চালনায় অনুষ্ঠানে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য বলেন, এলাকার মানুষের জলাবদ্ধতা সমস্যা সমাধানে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভবদহ সমস্যার স্থায়ী সমাধানে উদ্যোগ গ্রহণ করেছেন । ভবদহ স্লুইচগেটের উত্তরে ২৭ বিলে পানি প্রবাহ না থাকায় মানুষ দীর্ঘদিন জলাবদ্ধতার শিকার । খুব শিগগিরই এর স্থায়ী সমাধান করা হবে। এ সময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার, ভবদহ পানি নিরসন কমিটির আহ্বায়ক এনামুল হক বাবুল, যশোর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোঃ তাওহীদুল ইসলাম ও ভবদহ পানি নিষ্কাশন সংগ্রাম কমিটির নেতা শিবপদ বিশ্বাস প্রমুখ।

# পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান নরসিংদী জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শন করেন



*পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসানকে ফুলেল শুভেচ্ছা জানান প্রকল্প কর্মকর্তাগণ*

***পানি পরিক্রমা প্রতিবেদক ঃ***

'নরসিংদী জেলার আড়িয়ালখাঁ নদী, হাড়িদোয়া, ব্রহ্মপুত্র নদী, মেঘনা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুনঃখনন প্রকল্প' এলাকা পরিদর্শন করেন পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান। পরিদর্শনকালে বাপাউবো'র কেন্দ্রীয় অঞ্চলের প্রধান প্রকৌশলী এ.কে.এম তাহমিদুল ইসলাম, ঢাকা পওর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী দেওয়ান আইনুল হক, নরসিংদী পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী বিজয় ইন্দ্র সঙ্কর চক্রবর্তী, নরসিংদী নদী পুনঃখনন প্রকল্পের ডিজাইন চীফ কর্ণেল (অব) মোঃ কিসমৎ হায়াৎ, প্রকল্পের প্রকল্প পরিচালক লেঃ কর্ণেল শেখ আহমেদ শাফি ও প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জনাব মেজর ইফতেখারুল হারিস উপস্থিত ছিলেন। সচিব শুটকীকান্দিতে ক্ষতিগ্রস্থ প্রতিরক্ষামূলক কাজ এবং নজরপুর প্রতিরক্ষামূলক কাজ ও রিভারড্রাইভ পার্ক পরিদর্শন শেষে বাঁধের পাশে একটি গাছের চারা রোপণ করেন।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নবনিযুক্ত মহাপরিচালকের বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন



*বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার বঙ্গবন্ধুর সমাধীতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন*

***পানি পরিক্রমা প্রতিবেদক ঃ***

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। এ সময় পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোঃ শাহজাহান সিরাজ, গোপালগঞ্জ পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী মোঃ ফইজুর রহমানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ কিছুক্ষণ দাঁড়িয়ে নিরবতা পালন করেন এবং বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনা করে মোনাজাত করেন।

# দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




*বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দ*

***পানি পরিক্রমা প্রতিবেদক ঃ***

১৬ ফেব্রুয়ারি, ২০২৩ পানি ভবনের মাল্টিপারপাস হল রুমে পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আয়োজিত 'দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সেমিনার' অনুষ্ঠিত হয়। সেমিনারে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের সচিব মো. মাহবুব হোসেন। সভাপতিত্ব করেন পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মোঃ মিজানুর রহমান। সমন্বয়কের দায়িত্ব পালন করেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক মোঃ নূরুল ইসলাম সরকার। সেমিনারে বক্তব্যের শুরুতে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব ভাষার মাস হিসেবে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন প্রতিটি মানুষের জন্মের পরে পরিবার হতে, শিক্ষা প্রতিষ্ঠান হতে সুশিক্ষা গ্রহনের মাধ্যমে কর্মজীবনে তার প্রতিফলন ঘটিয়ে নিজেকে দূর্ণীতিমুক্ত রেখে একটি দূর্ণীতিমুক্ত সমাজ গঠন করা সবার নৈতিক দায়িত্ব। সেমিনারে পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাসহ সর্বস্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় বক্তাগণ দুর্নীতি প্রতিরোধ বিষয়ে করণীয় এবং দিক নির্দেশনামূলক গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণের প্রশ্নের জবাবে দুদক সচিব অত্যন্ত সাবলীলভাবে বিভিন্ন পরামর্শ প্রদান করেন। তিনি বলেন সরকারি কর্মচারীগণ যে যে সেক্টরেই কাজ করছেন সেখানে সঠিক ভাবে কাজ করলেই সবার সমন্বিত কাজের মাধ্যমে সরকারের সাফল্য অর্জিত হবে।

# ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহাপরিচালক এর শ্রদ্ধা নিবেদন

***পানি পরিক্রমা প্রতিবেদক ঃ***

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নুরুল ইসলাম সরকার ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন। এ সময় তিনি কিছুক্ষণ নিরবে দাঁড়িয়ে থাকেন এবং ১৫ আগস্টের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করেন। এ সময় কেন্দ্রীয় জোনের প্রধান প্রকৌশলী একেএম তাহমিদুল ইসলাম, ঢাকা পওর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী দেওয়ান আইনুল হক, ঢাকা পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী এম এল সৈকত সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন*

# মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক নূরুল ইসলাম সরকার কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেণ

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক মোঃ নূরুল ইসলাম সরকার এর নেতৃত্বে বোর্ডের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন। এ সময় অন্যান্যদের মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এস.এম. অজিয়র রহমান, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এস.এম. শহিদুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মোঃ আমিরুল হক ভূঁঞাসহ বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তা ও সর্বস্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

# নবনিযুক্ত অতিরিক্ত মহাপরিচালক ধানমন্ডির ৩২ নম্বরে পুষ্পার্ঘ্য অর্পণ করেন



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক এস.এম. শহিদুল ইসলাম বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নবনিযুক্ত অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এস.এম. শহিদুল ইসলাম ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এ সময় কর্মকর্তা ও কর্মচারীগণ কিছুক্ষণ নিরবে দাঁড়িয়ে থাকেন এবং ১৫ আগস্টের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে মুনাজাত করেন।

# সুনামগঞ্জের হাওর অঞ্চল পরিদর্শন করেন পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব



*পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান সুনামগঞ্জের হাওর এলাকা পরিদর্শন করেন*

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান সুনামগঞ্জের হাওরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চলমান ডুবন্ত বাঁধ রক্ষা কাজ পরিদর্শন করেন।

পরিদর্শনকালে সচিব বলেন সুনামগঞ্জে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কাজের সাথে জড়িত রয়েছে কৃষকের ভাগ্য, তিনি সততা ও নিষ্ঠার সাথে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজগুলি শেষ করার জন্য নির্দেশ প্রদান করেন। পরিদর্শনকালে উত্তরাঞ্চলের প্রধান প্রকৌশলী, সিলেট পওর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগের নির্বাহী প্রকৌশলীসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# গোপালগঞ্জের চলমান প্রকল্প পরিদর্শন করেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নুরুল ইসলাম সরকার গোপালগঞ্জে তাড়াইল পাচুরিয়া প্রকল্প প্রদর্শন করেন। পরিদর্শনকালে গোপালগঞ্জের নির্বাহী প্রকৌশলী জানান এই প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং প্রকল্পটি বাস্তবায়িত হলে বাংলাদেশের এই প্রান্তর সুজলা সুফলা শস্য শ্যামলার প্রাচুর্যে ভরে উঠবে।

পরিদর্শনকালে ফরিদপুর জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোঃ শাজাহান সিরাজ, ফরিদপুর সার্কেলের তত্ত্বাবাবধায়ক প্রকৌশলী সৈয়দ সাহিদুল আলম, গোপালগঞ্জের নির্বাহী প্রকৌশলী মোঃ ফইজুর রহমানসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




*বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার গোপালগঞ্জের প্রকল্প পরিদর্শন করেন*

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক এর যোগদান




মোঃ নুরুল ইসলাম সরকার

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার, ২৫ জানুয়ারি ২০২৩ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে মহাপরিচালক পদে যোগদান করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৮৭ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) হতে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৮৮ সালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সহকারী প্রকৌশলী (পুর) পদে যোগদান করে বিভিন্ন পদে দক্ষতার সহিত দায়িত্ব পালন করেন। চাকরি জীবনে তিনি তিস্তা ব্যারেজ প্রকল্প, নকশা, পরিকল্পনা, পাবনা সেচ ও পল্লি উন্নয়ন প্রকল্প, বিভিন্ন গুরুত্বপূর্ণ নদী তীর সংরক্ষণ প্রকল্প, সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্পসহ সদর দপ্তর ও মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরে সাফল্য ও দক্ষতার সহিত দায়িত্ব পালন করেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে দীর্ঘ ৩৫ বছর চাকরিকালীন তিনি মালয়েশিয়া, ভিয়েতনাম ও ইতালিতে বিভিন্ন সেমিনার ও প্রশিক্ষণে অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে সাফল্য অর্জন করেন এবং অর্জিত জ্ঞান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উন্নয়নে সফলভাবে প্রয়োগ করেন। প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার ১৯৬৪ সালে গাইবান্ধা জেলার এক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (IEB) এর আজীবন ফেলো।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালকবৃন্দের যোগদান



মুহাম্মদ আমিরুল হক ভূঞা

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

প্রকৌশলী মুহাম্মদ আমিরুল হক ভূঞা ১০ জানুয়ারি ২০২৩ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) পদে যোগদান করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুরে প্রধান প্রকৌশলী পদে কর্মরত ছিলেন। ১৯৮৭ সালে তৎকালীন বিআইটি, রাজশাহী (বর্তমানে রুয়েট) থেকে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯২ সালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সহকারী প্রকৌশলী (পুর) পদে যোগদান করে বিভিন্ন পদে দক্ষতার সহিত দায়িত্ব পালন করেন। চাকরিজীবনে তিনি তিস্তা ব্যারেজ প্রকল্প, হাইড্রলোজি, প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বিভিন্ন নদী তীর সংরক্ষণ প্রকল্প ও মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরে সাফল্য ও দক্ষতার সহিত দায়িত্ব পালন করেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে দীর্ঘ ৩১ বছর চাকরিকালীন তিনি ইতালি, জার্মানি ও ভারতে বিভিন্ন সেমিনার ও প্রশিক্ষণে অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে সাফল্য অর্জন করেন এবং অর্জিত জ্ঞান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উন্নয়নে সফলভাবে প্রয়োগ করেন। প্রকৌশলী মুহাম্মদ আমিরুল হক ভূঞা ১৯৬৬ সালে সিরাজগঞ্জ জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (IEB) এর আজীবন ফেলো।



এস. এম. শহিদুল ইসলাম

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

প্রকৌশলী এস. এম. শহিদুল ইসলাম ০৬ ফেব্রুয়ারি ২০২৩ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) পদে যোগদান করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেটে প্রধান প্রকৌশলী পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৮০ সালে দিনাজপুর জিলা স্কুল থেকে এস, এস, সি ও ১৯৮২ সালে দিনাজপুর সরকারি কলেজ থেকে এইচ, এস, সি এবং ১৯৮৭ সালে তৎকালীন বিআইটি, রাজশাহী (বর্তমানে রুয়েট) থেকে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৮৯ সালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে রংপুর কোয়ালিটি কন্ট্রোল বিভাগে সহকারী প্রকৌশলী (পুর) পদে যোগদান করেন। তাঁর প্রথম কর্মস্থল ছিল দোয়ানি, তিস্তা ব্যারেজ নির্মাণ সাইট। চাকরিজীবনে তিনি তিস্তা ব্যারেজ প্রকল্প, ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং প্রকল্প, পরিকল্পনা, বিভিন্ন নদী তীর সংরক্ষণ প্রকল্প, হাওর অঞ্চল ও মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরে সাফল্য ও দক্ষতার সহিত দায়িত্ব পালন করেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে দীর্ঘ ৩৩ বছর চাকরিকালীন তিনি ইতালি, জার্মানি, ফিলিপাইন ও সিঙ্গাপুরে বিভিন্ন সেমিনার ও প্রশিক্ষণে অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে সাফল্য অর্জন করেন এবং অর্জিত জ্ঞান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উন্নয়নে সফলভাবে প্রয়োগ করেন। প্রকৌশলী এস. এম. শহিদুল ইসলাম ১৯৬৫ সালে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (IEB) এর আজীবন সদস্য।



কাজী নজরুল ইসলাম

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

কাজী নজরুল ইসলাম বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) হিসেবে গত ২০ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখে যোগদান করেছেন। জনাব ইসলাম বিসিএস ২০তম ব্যাচের একজন কর্মকর্তা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব। ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি হতে ব্যাচেলর অব টেকনোলজি এবং বাংলাদেশের নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় হতে তিনি এমবিএ ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে, তিনি কানাডা হতে মাস্টার্স অব এ্যাডমিনিসট্রেটিভ সাইন্স এ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিষয়ে ডিস্টিংকশন অ্যাওয়ার্ডসহ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। ইতোপূর্বে তিনি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণায়ের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন। তাঁর পিতার নাম আবু আহাম্মদ। তিনি ফেনী জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রিকেট টুর্নামেন্ট এর ফাইনাল খেলা অনুষ্ঠিত





বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার ও অন্যান্য অতিথিবৃন্দ

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

বাংলাাদেশ পানি উন্নয়ন বোর্ড ক্রিকেট টুর্নামেন্ট (সিজন-২) এর ফাইনাল খেলা যাত্রাবাড়ী কলোনি মাঠে অনুষ্ঠিত হয়। ঢাকা ওয়ারিয়ার্স এবং চাটগাইয়া নওজোয়ান এ ফাইনাল খেলায় অংশগ্রহণ করে। চাটগাইয়া নওজোয়ান ফাইনাল খেলায় চ্যাম্পিয়ন হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক প্রকৌশলী মোঃ নূরুল ইসলাম সরকার চাটগাইয়া নওজোয়ানের অধিনায়ক চট্টগ্রাম পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী নাহিদ উজ জামান খান এর হাতে চ্যাম্পিয়ন ট্রফি তুলে দেন । এ সময় চট্টগ্রাম জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী শিবেন্দু খাস্তগীর, চট্টগ্রাম পওর সার্কেলের তত্ত্বাবধায় প্রকৌশলী খ.ম. জুলফিকার তারেক ও অংশগ্রহণকারী খেলোয়াড়বৃন্দ ট্রফি গ্রহণ করেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাবেক মহাপরিচালক ফজলুর রশিদ ও মোঃ মাহবুর রহমান এবং বোর্ডের অতিরিক্ত মহাপরিচালকবৃন্দ, কেন্দ্রীয় জোনের প্রধান প্রকৌশলীসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ প্রতিযোগিতাপূর্ণ এ ক্রিকেট ম্যাচ উপভোগ করেন।

## শোক সংবাদ



*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাবেক মহাপরিচালক প্রকৌশলী শরীফ রফিকুল ইসলাম ০৮ ফেব্রুয়ারি ২০২৩ ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

শরীফ রফিকুল ইসলাম ১৯৭৫ সালে সহকারী প্রকৌশলী (পুর) হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে যোগদান করে বোর্ডের সর্বোচ্চ পদ মহাপরিচালক হিসেবে কর্মরত থেকে বিগত ২৭ ফেব্রুয়ারি ২০০৭ চাকরি থেকে অবসর গ্রহণ করেন। চাকরিকালীন তিনি অত্যন্ত দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালন করেন। বিশেষ করে ক্রীড়ানুরাগী এই কর্মকর্তা ঢাকা পওর বিভাগ-১ এ নির্বাহী প্রকৌশলী থাকা অবস্থায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ যেমন উজ্জিবিত ছিল তেমনি বাৎসরিক অ্যাথলেটিকস প্রতিযোগিতা প্রতি বছর উৎসাহ উদ্দীপনার সাথে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে নিয়মিত ভলিবল খেলা অনুষ্ঠিত হয়েছে এবং জাতীয়ভাবে চ্যাম্পিয়নও হয়েছে। মৃত্যুকালে তিনি ২ ছেলে এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাকে ঢাকার আজিমপুর কবরস্থানে সমাহিত করা হয়।



*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাবেক অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো: আনোয়ার পাশা ২১ ফেব্রুয়ারি ২০২৩ গ্রীন লাইফ হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

মরহুম মো: আনোয়ার পাশা ১৯৭৭ সালে সহকারী প্রকৌশলী (পুর) পদে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে যোগদান করেন। চাকুরিকালীন তিনি সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। অত্যন্ত ধর্মপরায়ণ এই প্রকৌশলী ২০০৭ সালে ডিসেম্বরে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন হিসেবে কর্মরত থেকে চাকরি হতে অবসর গ্রহণ করেন।

মৃত্যুকালে তিনি এক ছেলে ও তিন মেয়ে এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর একমাত্র ছেলে এ এম মোস্তফা সরোয়ার বর্তমানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে কর্মরত আছেন। তাঁকে জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলার পলাশতলা গ্রামে নিজ প্রতিষ্ঠিত মাদ্রাসা প্রাঙ্গণে কবরস্থ করা হয়।

# হাওরের ফসল কৃষকের ঘরে তুলে দেওয়াই আমাদের প্রধান লক্ষ্য




পানি সম্পদ উপমন্ত্রী এ.কে.এম এনামুল হক শামীম সুনামগঞ্জের হাওর অঞ্চলে কৃষকদের মাঝে বক্তব্য রাখেন

*পানি পরিক্রমা প্রতিবেদক ঃ*

পানি সম্পদ উপমন্ত্রী ও আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক এ.কে.এম এনামুল হক শামীম বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষকের মুখে স্থায়ী হাসি দেখতে চান। তিনি নিয়মিত হাওর অঞ্চলের কার্যক্রম মনিটরিং করছেন। হাওরের কৃষকের ফসল ঘরে তুলে দেওয়াই আমাদের প্রধান লক্ষ্য। কৃষি ও কৃষকবান্ধব সরকার প্রধান হিসেবে জননেত্রী শেখ হাসিনা বিশ্বসেরা।

১৫ ফেব্রুয়ারি সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার নজরখালী বাঁধ পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এমনকি বাংলাদেশের খাদ্য ও কৃষি পণ্য বিদেশে রপ্তানি করা হয়। তিনি হাওরের মানুষের মুখে হাসি ফোটানোর জন্য কাজ করেন।

এনামুল হক শামীম বলেন, কৃষি উন্নয়নে বর্তমান সরকারের উদ্যোগে প্রায় ২ কোটি কৃষককে কৃষি উপকরণ সহায়তা কার্ড দেওয়া হয়েছে। কৃষককে মাত্র ১০ টাকায় ব্যাংক একাউন্ট খোলার সুযোগ দেওয়া হয়েছে। সারের দাম কয়েক দফা কমিয়ে বর্তমানে ইউরিয়া ২২ টাকা কেজি, টিএসপি ২২ টাকা কেজি, ডিএপি ১৬ টাকা কেজি। আর বিএনপির সময়ে ছিল টিএসপি ৮০ টাকা কেজি, এমওপি ৭০ টাকা কেজি, ডিএপি ৯০ টাকা কেজি, ইউরিয়া ২০ টাকা কেজি । সারে অন্যান্য বছরে ৯ হাজার কোটি টাকা ভর্তুকি দিতে হলেও এ বছর রাশিয়া ইউক্রেন যুদ্ধের কারণে সারের দাম বেড়ে গেছে, ভর্তুকি দিতে হচ্ছে ২৮ হাজার কোটি টাকা। তারপরও সারের কোন ঘাটতি নেই। কৃষি প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির আওতায় প্রতি বছর কয়েক লাখ কৃষককে বিনামূল্যে ভালো মানের উন্নত জাতের বীজ, সার ও অন্যান্য উপকরণ দেওয়া হচ্ছে। কৃষি যান্ত্রিকীকরণের জন্য ৩ হাজার ২০০ কোটি টাকার প্রকল্প চলমান রয়েছে, যার আওতায় ৫০ শতাংশ থেকে ৭০ শতাংশ ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি দেওয়া হচ্ছে। নড়িয়া উপজেলাসহ সারা বাংলাদেশে কৃষি উন্নয়নের জন্য প্রায় ৫০টি প্রকল্প চলমান রয়েছে যার আওতায় বিনামূল্যে বীজ, সার, ফলের চারা, সেচ যন্ত্র দেওয়া হচ্ছে।

**জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রকাশিত**
সম্পাদক : মুনসী এনামুল হক, পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
নির্বাহী সম্পাদক : মোস্তফা খান, উপপরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
সহকারী সম্পাদক : তাবিবুর রহমান বিপু, সহকারী পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
ইমেইল : dir.publicity@gmail.com, ওয়েবসাইট- www.bwdb.gov.bd